

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৭.২১৯

তারিখ: ৯ কার্তিক ১৪২৯

২৫ অক্টোবর ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: ন্যাশনাল ডিফেন্স কোর্স, ২০২৩ এ অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।


ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর, ঢাকায় আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ তারিখ হতে ০৭ ডিসেম্বর ২০২৩ তারিখ মেয়াদে অনুষ্ঠেয় “ন্যাশনাল ডিফেন্স কোর্স, ২০২৩” এ অংশগ্রহণে আগ্রহী জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিসিএস ক্যাডারভুক্ত সরকারের যুগ্মসচিব ও সমপর্যায়ের কর্মকর্তাগণের (৩য় গ্রেড) নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আবেদন আহবান করা হচ্ছে। সংযুক্ত ছক (আবেদনের নির্ধারিত ছক) মোতাবেক আবেদনের ০৩ (তিন) কপি ০৩ (তিন)টি রঙিন ছবিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৬/১১/২০২২ তারিখ বেলা ৩.০০ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় (সফট কপি [it1@mopa.gov.bd](mailto:it1@mopa.gov.bd)-এ ই-মেইল ঠিকানায়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- (ক) আগ্রহী কর্মকর্তাগণের বয়স ১ লা জানুয়ারি, ২০২৩ তারিখ অনূর্ধ্ব ৫৬ বছর হতে হবে;
- (খ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে;
- (গ) কোর্সে অংশগ্রহণেছুক আবেদনকারী কর্মকর্তাগণের ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে;
- (ঘ) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভাপতিত্বে গঠিত কমিটির মাধ্যমে আবেদনকারী কর্মকর্তাগণের সাক্ষাৎকার গ্রহণপূর্বক মনোনীত কর্মকর্তাগণের তালিকা চূড়ান্ত করা হবে;
- (ঙ) সফলভাবে এনডিসি সমাপনান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পদায়নে আগ্রহী কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা



২৫-১০-২০২২

মুহাম্মদ আব্দুর রহিম সুজন

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: [it1@mopa.gov.bd](mailto:it1@mopa.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল) (অধিনস্থ যুগ্মসচিব ও সমমর্যাদার কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
- ২) অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) অফিস কপি, মাস্টার ফাইল।